

স্মার্ট শিক্ষা, স্মার্ট দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আঞ্চলিক পরিচালকের কার্যালয়
কারিগরি শিক্ষা অধিদপ্তর
বরিশাল বিভাগ

একটাই লক্ষ্য
হতে হবে দক্ষ

ওয়েবঃ www.rdobarishal.gov.bd

স্মারক নং- ৫৭.০৩.০৬৫১.০০০.১৮.১০৩.২৪-৪১

তারিখঃ ১৬ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ
২৯ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়ঃ এইচএসসি (বিএমটি) শাখার শিক্ষক-কর্মচারীদের সরকারিকরণের কারণে এমপিও শীট থেকে নাম কর্তনের আবেদন প্রেরণ।
সূত্র-০১ঃ আমতলী সরকারি কলেজের স্মারক নং আসক/১১১(১)/২০২৪ তারিখঃ ০৬/০২/২০২৪ খ্রিঃ
সূত্র-০২ঃ আমতলী সরকারি কলেজের স্মারক নং আসক/১১১(২)/২০২৪ তারিখঃ ০৬/০২/২০২৪ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কারিগরি শিক্ষা অধিদপ্তর, বরিশাল বিভাগের আওতায় এইচএসসি (বিএমটি) কোর্স পরিচালনাকারী বেসরকারি এমপিও ভুক্ত সংযুক্ত প্রতিষ্ঠান আমতলী ডিগ্রি কলেজ শিক্ষা মন্ত্রণালয়ের ১৩ এপ্রিল ২০১৬ খ্রিঃ তারিখে জারিকৃত ৩৭.০০০০.০৭০.০২.০২.০৩১.২০১৫-৬৫৪ নং স্মারক মোতাবেক ০৭ এপ্রিল, ২০১৬ তারিখ থেকে জাতীয়করণের মাধ্যমে “আমতলী সরকারি কলেজ” নামকরণ করা হয় এবং শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের ১৫ নভেম্বর, ২০২৩ খ্রিঃ তারিখের ৩৭.০০.০০০০.০৮৫.১৫.০৯৭.২০১৭(অংশ-১)-১৮২৬ নং স্মারক মোতাবেক ২৩ (তেইশ) জন শিক্ষক জাতীয়করণকৃত কলেজ শিক্ষক ও অ-শিক্ষক কর্মচারী আত্মীকরণ বিধিমালা, ২০০০- এর বিধি-০৩ এবং ০৫ এ বর্ণিত বিধান মোতাবেক জাতীয়করণের তারিখ থেকে নিয়মিতকরণ(কপি সংযুক্ত) এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ২৪ ডিসেম্বর, ২০১৮ খ্রিঃ তারিখের -ওএম/৫৭সি-১/২০১৩/১১৯১৯/১০ নং স্মারক মোতাবেক ১৩ (তের) জন কর্মচারীকে নিয়োগ প্রদান করা হয়(কপি সংযুক্ত)। সেমতে প্রতিষ্ঠান প্রধান তাদের মধ্য থেকে নিম্ন ছকে উল্লিখিত শিক্ষক ও কর্মচারীর বেসরকারি সময়ের বিজনেস ম্যানেজমেন্ট এমপিও শীট থেকে নাম কর্তনের জন্য আবেদন করেছেন।

২। প্রতিষ্ঠান প্রধানের আবেদন এবং এমপিও শীট থেকে নাম কর্তনের প্রয়োজনীয় কাগজপত্রসমূহ বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ [ভোকেশনাল, ব্যবসায় ব্যবস্থাপনা (বিএম), কৃষি ডিপ্লোমা ও মৎস্য ডিপ্লোমা] (২৩ নভেম্বর, ২০২০ পর্যন্ত সংশোধিত) এবং অনুমোদিত চেকলিস্ট মোতাবেক সংযোজিত থাকায় উক্ত এমপিও শীট থেকে নাম কর্তনের আবেদন পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহোদয় বরাবরে প্রেরণ করা হলো।

৩। এইচএসসি (বিএমটি) প্রভাষক(হিসাব রক্ষণ ও কম্পিউটার ল্যাব অ্যাসিস্ট্যান্ট) আবেদন -০২(দুই) টি

ক্রঃ নং	শিক্ষক কর্মচারীর নাম ও জন্ম তারিখ	পদবী ও ইনডেক্স	পে-কোড	পদায়নকৃত পদবী	মন্তব্য
০১.	মোঃ মনিরুল ইসলাম জন্ম তারিখঃ ০৭.০২.১৯৮০ খ্রিঃ	প্রভাষক (হিসাব রক্ষণ) ইনডেক্সঃ ১০১০০০৩৫	পে-কোড-০৯	প্রভাষক (হিসাব বিজ্ঞান) পে-কোড-০৯	
০২.	অসীম চন্দ্র সরকার জন্ম তারিখঃ ১৫/০৯/১৯৮৬ খ্রিঃ	কম্পিউটার ল্যাব এসিস্ট্যান্ট ইনডেক্সঃ ১৩০১২২১৬	পে-কোড-১৮	অফিস সহায়ক পে-কোড-২০	

সংযুক্তঃ এমপিও শীট থেকে নাম কর্তনের প্রয়োজনীয় কাগজপত্র-২ প্রস্থ।

মহাপরিচালক,
কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি,
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
দৃষ্টি আকর্ষণঃ পরিচালক(পিআইডব্লিউ),
কারিগরি শিক্ষা অধিদপ্তর,
ঢাকা-১২০৭।


১/১০
প্রকৌশলী মোঃ আরিফুর রহমান
আঞ্চলিক পরিদর্শক
ও
পরিচালক (ক্লটিন দায়িত্ব)
কারিগরি শিক্ষা অধিদপ্তর
বরিশাল বিভাগ।

স্মারক নং- ৫৭.০৩.০৬৫১.০০০.১৮.০৩৭.২১-৪১(৮)

তারিখঃ ১৬ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ
২৯ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয়(প্রযোজ্য ক্ষেত্রে) কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো(জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):

- ১। অতিরিক্ত সচিব(কারিগরি), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। পরিচালক(প্রশাসন), কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও, প্রশাসনিক এলাকা, শেরে বাংলা নগর, ঢাকা
- ৩। উপপরিচালক(এমপিও) কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও, প্রশাসনিক এলাকা, শেরে বাংলা নগর, ঢাকা
- ৪। অধ্যক্ষ, আমতলী সরকারি কলেজ, আমতলী বরগুনা।
- ৫। সহকারী পরিচালক (এমপিও) কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও, প্রশাসনিক এলাকা, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, অত্র দপ্তর(পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৭। জনাব.....
- ৮। সংরক্ষণ নথি



প্রকৌশলী মোঃ আরিফুর রহমান
আঞ্চলিক পরিদর্শক

ও

পরিচালক (রুটিন দায়িত্ব)
আঞ্চলিক পরিচালকের কার্যালয়
কারিগরি শিক্ষা অধিদপ্তর
বরিশাল বিভাগ।

ফোনঃ +৮৮০২৪৭৮৮৩০২১৪

ই-মেইল : rdbarishal@gmail.com